গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুপচাঁচিয়া, বগুড়া।
http://dupchanchia.bogra.gov.bd

**জলমহাল ইজারা বিজ্ঞপ্তি**

স্মারক নং- ০৫.৫০.১০৩৩.০০০.০৭.০০৫.২৫- ২

তারিখ ঃ ০১/০১/২০২৬ খ্রিস্টাব্দ।

এতদ্বারা দুপচাঁচিয়া উপজেলাধীন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী দুপচাঁচিয়া উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহালসমূহ নিম্নোক্ত শর্তসাপেক্ষে বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষ্যে এবং ভূমি মন্ত্রনালয়ের(সায়রাত-১ শাখা)এর ২৩ ডিসেম্বর ২০২৫ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০২৩.(অংশ-২)২৫-৭০৪ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী মৎস্যজীবী সমবায় সমিতির নিকট থেকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইনে আবেদন সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দুপচাঁচিয়া ও উপজেলা ভূমি অফিস, দুপচাঁচিয়া, বগুড়া এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, www.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন করার পূর্বেই ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করতে হবে।

| ক্র: নং | তারিখ | কার্য দিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ১ | ০১ মাঘ থেকে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ (১৫ জানুয়ারি ২৯ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ) এর মধ্যে | ১৫ দিন | অনলাইনে সরকারি জলমহাল ইজারার আবেদন দাখিল jm.lams.gov.bd |
| ২ | ১৮ মাঘ থেকে ২০ মাঘ পরবর্তী ০৩ (তিন) কার্যদিবস ১৪৩২ বঙ্গাব্দ (০১ ফেব্রুয়ারি হতে ০৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ) এর মধ্যে | ০৩(তিন) কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার বরাবর তার কার্যালয়ে দাখিল |
| ৩ | ২২ মাঘ ১৪৩২ হতে ২৮ মাঘ বঙ্গাব্দ (০৫ ফেব্রুয়ারি হতে ১১ ফেব্রুয়ারি ২০২৬ (খ্রিস্টাব্দ) এর মধ্যে | ০৫(পাঁচ) কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই |
| ৪ | ২৯ মাঘ হতে ০৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ (১২ ফেব্রুয়ারি হতে ১৮ ফেব্রুয়ারি ২০২৬ ( খ্রিস্টাব্দ) এর মধ্যে | ০৫(পাঁচ) কার্যদিবস | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |
| ৫ | ০৬ ফাল্গুন হতে ২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ(১৯ ফেব্রুয়ারি হতে ১১ মার্চ ২০২৬ ( খ্রিস্টাব্দ) এর মধ্যে | ১৫(পনের) কার্যদিবস | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন |
| ৬ | ২৭ ফাল্গুন হতে ০২ চৈত্র (১২ মার্চ হতে ১৬ মার্চ) এর মধ্যে | ০৩(তিন) কার্যদিবস | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিত করন |
| ৭ | ০৩ চৈত্র হতে ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ (১৭ মার্চ হতে ২৯ মার্চ ২০২৬ ( খ্রিস্টাব্দ) এর মধ্যে | ০৭(সাত) কার্যদিবস | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন |
| ৮ | ০১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ (১৪ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ) | | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া |

০৭/০১/২৬

উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দুপচাঁচিয়া, বগুড়া।